মুশফিকের দেড়শোতে লিড বাংলাদেশের

রাওয়ালপিন্ডি টেস্টে নিজেদের প্রথম ইনিংসে ৪৪৮ রান করে পাকিস্তান। জবাবে চতুর্থ দিনে মুশফিকুর রহিমের দেড়শোতে লিড নিয়েছে বাংলাদেশ। ডাবল সেঞ্চুরির সুযোগ রয়েছেন তার। ৪৭ রানের লিড নিয়ে চা বিরতিতে গেছে বাংলাদেশ।

তৃতীয় দিনে মুশফিক ৫৫ ও লিটন দাস ৫২ রানে অপরাজিত ছিলেন। চতুর্থ দিনে খেলতে নেমে শুরুতেই সাজঘরে ফিরে যায় লিটন। দলীয় ৩৩২ রানে ৭৮ বলে ৫৬ রানে আউট হন লিটন।

লিটনের বিদায়ের পর ক্রিজে আসেন মেহেদি হাসান মিরাজ। তাকে সঙ্গে নিয়ে ধীরগতিতে খেলতে থাকেন মুশফিক। সময়ের সঙ্গে রানের চাকা সচল রাখেন এই দুই ব্যাটার।

অবশেষে ২০০ বলে তিন অংকের ঘর স্পর্শ করেন মুশফিক। টেস্ট ক্যারিয়ারে এটি তার ১১তম শতক। সেঞ্চুরির পর মিরাজকে সঙ্গে নিয়ে ব্যাট করতে থাকেন মুশফিক।

সাবলীল ব্যাটিংয়ে ২৮৬ বলে দেড়শো পূর্ণ করেন মিস্টার ডিপেন্ডেবল। এরপরই ১২০ বলে ফিফটি পূরণ করেন মিরাজ। এই দুই ব্যাটারের ব্যাটে ভর করে ১৪৮ ওভারে ৬ উইকেট হারিয়ে ৪৯৫ রান সংগ্রহ করেছে বাংলাদেশ। মুশফিক ১৭৩ মিরাজ ৫০ রানে অপরাজিত আছেন।

সূত্র: ইত্তেফাক

সাকিবকে ক্রিকেট থেকে বাদ দিয়ে দেশে ফেরাতে লিগ্যাল নোটিশ

হত্যা মামলার আসামি ক্রিকেটার সাকিব আল হাসানকে জাতীয় দল থেকে বাদ দিতে লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। বাংলাদেশ ক্রিকেট বোর্ড

(বিসিবি) কর্তৃপক্ষকে এ লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। সেইসঙ্গে হত্যা মামলার তদন্তের স্বার্থে সাকিবকে দেশে ফিরিয়ে আনতে বলা হয়েছে নোটিশে।

শনিবার (২৪ আগস্ট) সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার সজীব মাহমুদ আলম এ নোটিশ পাঠান।

সুপ্রিম কোর্টের এই আইনজীবী বলেন, ‘সাকিব আল হাসানের বিরুদ্ধে যেহেতু ক্রিমিনাল মামলা রেকর্ড হয়েছে তাই তিনি আইসিসির আইন অনুযায়ী জাতীয় ক্রিকেট দলে থাকতে পারেন না। তাকে ক্রিকেট দল থেকে অবিলম্বে অপসারণ করা প্রয়োজন।’

এর আগে রাজধানীর মোহাম্মদপুর এলাকায় গার্মেন্টসকর্মী রুবেল হত্যার ঘটনায় সাবেক সংসদ সদস্য ও জাতীয় দলের ক্রিকেটার সাকিব আল হাসানের বিরুদ্ধে ২২ আগস্ট আদাবর থানায় মামলা করা হয়।

হত্যার নির্দেশদাতা হিসেবে মামলার ২৮ নম্বর এজাহার নামীয় আসামি করা হয়েছে সাকিবকে। গার্মেন্টসকর্মী রুবেলের বাবা রফিকুল ইসলাম বাদী হয়ে মামলাটি দায়ের করেছন।

মামলার এজাহারে বাদী অভিযোগ করে বলেন, গত ৫ আগস্ট রুবেল আদাবরের রিংরোডে প্রতিবাদী মিছিলে অংশ নেয়। এ সময় আসামিদের প্রত্যক্ষ ও পরোক্ষ নির্দেশ, প্ররোচনা, সাহায্য, সহযোগিতা ও প্রত্যক্ষ মদদে কেউ মিছিলে গুলি ছুড়ে। বুকে ও পেটে গুলিবিদ্ধ অবস্থায় রুবেলকে হাসপাতালে নিলে চিকিৎসারত অবস্থায় ৭ আগস্ট মারা যান।

সূত্র: ইত্তেফাক

পিএফএর বর্ষসেরা ফোডেন

২০২৩-২৪ মৌসুমে প্রিমিয়ার লিগে শিরোপা ঘরে তুলেছে ম্যানচেস্টার সিটি। গার্দিওলার দলের শিরোপা জয়ের পেছনে অন্যতম ভূমিকা পালন করেছে ইংলিশ মিডফিল্ডার ফিল ফোডেন। এতে ইংল্যান্ডের পেশাদার ফুটবলার অ্যাসোসিয়েশন (পিএফএ)-এর বর্ষসেরা খেলোয়াড়ের পুরস্কার জিতেছেন ২৪ বছর বয়সী এই মিডফিল্ডার।

পিএফএ মূলত ইংলিশ ফুটবলারদের একটি সংগঠন। সেখানে খেলোয়াড়দের ভোটে বর্ষসেরা খেলোয়াড় নির্বাচিত হন এই মিডফিল্ডার। গেল মৌসুমে ১৯ গোল করার পাশাপাশি ৮টি গোলেও সহায়তা করেন ফোডেন। বর্ষসেরা ফুটবলারের পুরস্কারের জন্য মনোনীতদের সংক্ষিপ্ত তালিকায় ফোডেনের সঙ্গে লড়াই করেছেন তারই ক্লাব সতীর্থ আলিং হালান্ড ও রদ্রি। পাশাপাশি ছিলেন চেলসির কোল পালমার, আর্সেনালের মার্টিন ওডেগার্ড এবং অ্যাস্টন ভিলার ওলি ওয়াটকিনস।

যদিও ফোডেনে এই পুরস্কার জেতা নিয়ে অনেকের মনে রয়েছে প্রশ্ন। কেননা আরেক ইংলিশ মিডফিল্ডার জুড বেলিংহ্যামও গেল মৌসুমটা কাটিয়েছে দুর্দান্ত। ক্লাব ফুটবলের সবচেয়ে জনপ্রিয় টুর্নামেন্টে চ্যাম্পিয়নস লিগের শিরোপা জিতেন তিনি। এছাড়াও বেলিংহ্যাম জিতেছেন লা লিগার শিরোপা। শুধু তাই, ২০২৪ ইউরো চ্যাম্পিয়নশিপে দুর্দান্ত ছিলেন ২১ বছর বয়সী এই তারকা মিডফিন্ডার।

সেরা খেলোয়াড় নির্বাচিত হওয়ার পর ফোডেন নিজেকে গর্বিত মনে করেন। এই নিয়ে তিনি বলেন, ‘এই পুরস্কার জয় আমার জন্য বিশেষ কিছু এবং এ জন্য আমি গর্বিত ও কৃতজ্ঞ। সতীর্থ পেশাদার ফুটবলারদের কাছ থেকে এভাবে স্বীকৃতি পাওয়া অনেক বড় কিছু। যারা আমাকে ভোট দিয়েছেন তাদের সবাইকে ধন্যবাদ।’

সূত্র: ইত্তেফাক

বিসিবির নতুন সভাপতি ফারুক আহমেদ

নাজমুল হাসান পাপনের পদত্যাগের পর বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নতুন সভাপতি নির্বাচিত হয়েছেন ফারুক আহমেদ। বিসিবির পরিচালকদের ভোটে তাকে সভাপতি হিসেবে নির্বাচিত করা হয় বলে জানা গেছে। ক্রিকেট এবং দেশকে এগিয়ে নেওয়ায় প্রধান লক্ষ্য বলে জানিয়েছেন নতুন এই বিসিবি সভাপতি।

সূত্র জানিয়েছে, আজ বোর্ডের নীতিনির্ধারণী পর্যায়ে পরিচালনা

পর্ষদের জরুরি সভা ডাকে বিসিবি। সচিবালয়ে অবস্থিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কনফারেন্স রুমের এই বৈঠকে অনলাইনে যোগ যোগ দিয়ে পদত্যাগ করেন তিনি। সর্বসম্মতিক্রমে তার পদত্যাগ পত্র গৃহীত হয়েছে।

এর আগে মঙ্গলবার বিসিবির পরিচালকের পদ থেকে পদত্যাগ করেছেন জালাল ইউনূস। বিসিবিতে জাতীয় ক্রীড়া পরিষদ মনোনীত পরিচালক ছিলেন তিনি।

সভাপতি নির্বাচিত হওয়ার পর প্রতিক্রিয়া জানিয়ে বিসিবির এক ভিডিও বার্তায় ফারুক বলেন, ‘লক্ষ্য অনেক বড়। প্রধান লক্ষ্য দেশের সম্মান বৃদ্ধি করা, দেশের মুখ উজ্জ্বল করা। প্লাস টিমকে এমটা জায়গায় দেখতে চাই। সেক্ষেত্রে এটাতো একটা অনেক বড় একটা ব্যাপার কীভাবে দেখবো। তাই অনেক জায়গায় আমাদের কাজ করতে হবে।’

তিনি আরও বলেন, ‘অনেক জায়গায় কাজ হয়েছে, হয় নাই। অনেক প্রশ্ন আছে। তবে প্রধান এবং প্রধানতম দায়িত্ব আমার ক্রিকেটকে এগিয়ে নিয়ে যাওয়া, দেশকে এগিয়ে নিয়ে যাওয়া। এটা যদি আমরা মাথায় রাখি তাহলে আমাদের কাজটা অনেক সহজ হবে। আমরা যেন অন্যদিকে ডাইভার্ট না হয়ে যাই। বাংলাদেশ ক্রিকেট দল এবং বাংলাদেশকে একসঙ্গে আমরা এগিয়ে নিয়ে যেতে চাই।’

সূত্র: ইত্তেফাক

১২ বছর পর পদত্যাগ করলেন বিসিবি সভাপতি পাপন

১২ বছর পর বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি পদ থেকে পদত্যাগ করেছেন নাজমুল হাসান পাপন। ই-মেইলের মাধ্যমে তিনি পদত্যাগ পত্র পাঠিয়েছেন বলে জানা গেছে।

সূত্র জানিয়েছে, আজ বোর্ডের নীতিনির্ধারণী পর্যায়ে পরিচালনা পর্ষদের জরুরি সভা ডাকে বিসিবি। সচিবালয়ে অবস্থিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কনফারেন্স রুমের এই বৈঠকে অনলাইনে যোগ দিয়ে

পদত্যাগ করেন তিনি। সর্বসম্মতিক্রমে তার পদত্যাগ পত্র গৃহীত হয়েছে।

গত ৫ই আগস্ট হাসিনা পালানোর পর সরকার পতন হয়। এরপর থেকেই লাপাত্তা ছিলেন পাপন। এর কিছুদিন পর বিসিবির এক পরিচালককে ফোন করে পদত্যাগের ইচ্ছার কথা জানান তিনি।

এরপর আজ গঠনতন্ত্র অনুসারে সভা ডাকেন পাপন। এরপর সেখানেই পদত্যাগের ঘোষণা দেন তিনি।

২০১২ সালে নিয়োগের পর থেকে টানা দায়িত্ব পালন করেছেন। বাংলাদেশ ক্রিকেটের উল্লেখযোগ্য অর্জনটাও ছিল তার সময়ে। যদিও নিজের মেয়াদের শেষদিকে কোচ চন্ডিকা হাথুরুসিংহের দ্বিতীয়বারের নিয়োগ, ক্রিকেটার এবং বোর্ডের একাধিক ব্যক্তির মধ্যে অন্তঃকলহ পরিবেশ কিছুটা হলেও বিষাক্ত হয়েছিল।

২০১৩ সালের পর ২০১৭ ও ২১ সালে টানা তিনবার নির্বাচিত সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন পাপন। ২০১৩ সালে নাজমুল হাসান পাপন এনএসসি কোটায় পরিচালক হয়েছিলেন। পরবর্তীতে পরিচালকরা তাকে সভাপতি হিসেবে নির্বাচিত করেন। গত দুই নির্বাচনে তিনি ঢাকা আবাহনীর কাউন্সিলর হিসেবে পরিচালক নির্বাচিত হয়েছেন। পরবর্তীতে একই প্রক্রিয়ায় সভাপতি নির্বাচিত হয়েছিলেন পাপন।

নাজমুল হাসান পাপনের বর্তমান অবস্থান অজানা। ক্রিকেট বোর্ডে সরকারি হস্তক্ষেপে তাকে সভাপতি পদ থেকে নামানো হলে ছিল আইসিসির নিষেধাজ্ঞার শঙ্কা।। তবে পাপন নিজেই এই পদ থেকে পদত্যাগ করায় সেই শঙ্কাই আপাতত দূর হলো।

সূত্র: ইত্তেফাক

আগামীকাল পদত্যাগ করতে পারেন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] (Ø[redacted]) [redacted] [redacted] [redacted]

৩৪ বলে ৪১ রানে অপরাজিত থাকেন শামিম। এছাড়া আফিফ হোসেন ১৬ বলে ২২ ও মাহফুজ রাব্বি করেন ২০ বলে ২১ রান।

জবাবে ব্যাট করতে নেমে ভালো শুরু পায় নর্দার্ন টেরিটরি। উদ্বোধনী জুটিতে ৪১ রান যোগ করেন দুই ওপেনার জেক ওয়েদারল্ড ও ডি’আর্সি শর্ট। এরপর বাংলাদেশি বোলারদের তোপের মুখে পড়ে তারা।

মাত্র ৩০ রানে মধ্যে ৫ উইকেট হারিয়ে ধুঁকতে থাকে নর্দার্ন টেরিটরি। শেষ পর্যন্ত নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ১১৭ রান সংগ্রহ করতে সক্ষম হয় তারা। দলের পক্ষে জেক ওয়েদারল্ড করেন সর্বোচ্চ ২৯ বলে ৩৪ রান। বাংলাদেশের পক্ষে রিপন মন্ডল ৩টি ও রকিবুল হাসান নেন ২টি উইকেট।

আরেক সেমিফাইনালে অ্যাডিলেড স্ট্রাইকার্সের বিপক্ষে ৩০ রানে হেরেছে পাকিস্তান ‘এ’ দল। অ্যাডিলেডের ১৯৭ রানের জবাবে পাকিস্তান ‘এ’ করতে পারে ১৬৭ রান। ডারউইনে ফাইনাল আজ দুপুর সাড়ে ১২টায়, বাংলাদেশের প্রতিপক্ষ অ্যাডিলেড স্ট্রাইকার্স।

সূত্র: ইত্তেফাক

ডোপিংয়ের দায়ে নিষিদ্ধ ডিকভেলা

ডোপিং আইনভঙ্গের দায়ে অনির্দিষ্টকালের জন্য নিষিদ্ধ করা হয়েছে শ্রীলঙ্কার উইকেটরক্ষক ব্যাটার নিরোশান ডিকভেলাকে। অধিকতর তদন্ত চলমান অবস্থায় লঙ্কান এই ক্রিকেটার কোনো ধরনের ক্রিকেটে অংশ নিতে পারবেন না বলে জানিয়েছে শ্রীলঙ্কা ক্রিকেট (এসএলসি)।

এসএলসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ২০২৪ লঙ্কান প্রিমিয়ার লিগের সময় শ্রীলঙ্কা অ্যান্টিডোপিং এজেন্সি (এসএলএডিএ) ডোপিং পরীক্ষা চালিয়েছিল। এই উদ্যোগ নেওয়া হয়েছে ক্রীড়া মন্ত্রণালয়ের সহযোগিতা এবং ওয়ার্ল্ড অ্যান্টিডোপিং এজেন্সির নীতিমালা অনুসারে, যা ক্রিকেটকে নিষিদ্ধ বস্তুমুক্ত নিশ্চিত করার লক্ষ্যে

কাজ করে।

ডিকভেলা এলপিএলে গল মারভেলসের অধিনায়ক ছিলেন। ২০১৪ সালে আন্তর্জাতিক ক্রিকেটে পা রাখা ডিকভেলা শ্রীলঙ্কার হয়ে ৫৪ টেস্ট, ৫৫ ওয়ানডে এবং ২৮ টি-টোয়েন্টিতে খেলেছেন।

সূত্র: ইত্তেফাক

বাংলাদেশ-পাকিস্তান টেস্ট দ্বিতীয় টেস্টে থাকবে না দর্শক

টেস্ট চ্যাম্পিয়নশিপের অংশ হিসেবে দুই ম্যাচ টেস্ট সিরিজ খেলতে বর্তমানে টাইগাররা রয়েছেন পাকিস্তানে। আগামী ২১ আগস্ট এই সিরিজের প্রথম ম্যাচ মাঠে গড়াবে রাওয়ালপিন্ডিতে। আর শেষ টেস্ট অনুষ্ঠিত হবে করাচিতে আগামী ৩০ আগস্ট। সেই লক্ষ্যেই আবহাওয়ার সঙ্গে খাপ খাইয়ে শেষ মুহূর্তের প্রস্তুতি সাড়ছেন শান্ত-মিরাজরা। তবে এর মধ্যেই পিসিবি থেকে এক বিবৃতি দিয়ে জানানো হলো করাচি টেস্টে মাঠে থাকবে না কোনো দর্শক।

গতকাল বুধবার বিবৃতি দিয়ে পিসিবি জানায়, ‘আমাদের আবেগপ্রবণ দর্শকরা ক্রিকেটে যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা আমরা বুঝি, দর্শকরাই আমাদের খেলোয়াড়দের অনুপ্রেরণা জোগায়। দর্শকদের স্বাস্থ্য এবং নিরাপত্তা আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার। সব কিছু বিবেচনা করার পর আমাদের মনে হয়েছে, দ্বিতীয় টেস্টটি দর্শক ছাড়াই সবচেয়ে নিরাপদ পদক্ষেপ।’

সূত্র: ইত্তেফাক